বিএনপিকে আগামী নির্বাচন পর্যন্ত অপেক্ষার আহ্বান কাদেরের

সরকার পরিবর্তন চাইলে আগামী নির্বাচন পর্যন্ত অপেক্ষা করতে বিএনপির প্রতি আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

তিনি মঙ্গলবার সকালে গাজীপুর থেকে ঢাকা এয়ারপোর্ট পর্যন্ত বাস্তবায়নাধীন বাস র্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাসভায় এ কথা বলেন।

ওবায়দুল কাদের তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভায় যুক্ত হন।

গণতান্ত্রিক শাসনব্যবস্থায় নির্বাচনের মাধ্যমেই সরকার পরিবর্তন হয় উল্লেখ করে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, আন্দোলনের মাধ্যমে সরকার পরিবর্তনের কোনো পরিস্থিতি দেশে বিরাজমান নেই।

তিনি বলেন, বিএনপি যদি চোরাগলি দিয়ে ক্ষমতার স্বর্ণদুয়ারে পৌঁছবেন বলে ভাবেন, তাহলে তারা বোকার স্বর্গে বাস করছেন।

গণপরিবহনে নির্ধারিত ভাড়ার বিষয়ে কোনো অভিযোগ না থাকলেও স্বাস্থ্যবিধি প্রতিপালিত না হওয়ার অভিযোগের বিষয়ে সেতুমন্ত্রী প্রয়োগকারী সংস্থাগুলোকে সক্রিয় ভূমিকা পালন করার আহ্বান জানান।

গণপরিবহনে অতিরিক্ত ভাড়া আদায় না করার জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানিয়ে মন্ত্রী পরিবহন, মালিক ও শ্রমিকদের পাশাপাশি স্বাস্থ্যবিধির প্রতি কঠোর হওয়ারও আহ্বান জানান।

ওবায়দুল কাদের দেশব্যাপী শর্ত লঙ্ঘনসহ সড়কে শৃঙ্খলা বিধানে বিআরটিএ এবং জেলা প্রশাসনের মোবাইল কোর্টের কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশ দেন।

সূত্র- যুগান্তর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। অধিবেশনে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সরকার ও বিরোধী দলীয় সদস্যরা উপস্থিত ছিলেন। করোনা পরিস্থিতির কারণে কঠোর স্বাস্থ্য সতর্কতা অনুসরণ করা হয়। অধিবেশনে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন ও জরুরি জনগুরুত্বপূর্ণ নোটিশের কার্যক্রম স্থগিত করা হয়। এরপর বিলের কার্যক্রম শুরু হয়।

শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্য এম এ মতিন তিনটি বিলের প্রতিবেদন জমা দেন। বিলগুলো হচ্ছে- ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় বিল-২০২০’ ‘হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০২০’ ও ‘চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল-২০২০’।

এছাড়া বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আ. ফ. ম. রুহুল হক ‘বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল বিল-২০২০’ ও ‘বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ বিল-২০২০’ এবং গৃহায়ন ও গণপূর্তমন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন ‘গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ বিল-২০২০’ সম্পর্কে প্রতিবেদন জমা দেন।

অধিবেশনের বৈঠকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী এবং বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি মো. শহীদুজ্জামান সরকার পৃথক দু’টি বিল পরীক্ষা- নিরীক্ষার জন্য সময় বৃদ্ধির অনুরোধ জানালে সংসদ তা অনুমোদন করে।

রামোস-ফাতির রেকর্ডময় রাতে বিধ্বস্ত ইউক্রেন

উয়েফা ন্যাশনস লিগের গ্রুপ পর্বের ম্যাচে আনসু ফাতি ও সার্জিও রামোসের দুর্দান্ত পারফরম্যান্সে ভর করে ইউক্রেনকে ৪-০ গোলে

হারিয়েছে স্পেন।

রবিবার দিবাগত রাতে মাদ্রিদের এস্তাদিয়ো আলফ্রেদো দি স্তেফানোয় বার্সেলোনার ‘ওয়ান্ডার কিড’ ৯৫ বছর পুরনো রেকর্ড ভেঙেছেন। অন্যদিকে রেকর্ড বইয়ে নাম লেখিয়েছেন স্পেন অধিনায়কও।

স্পেনের প্রথম গোলটি আসে রামোসের পা থেকে। পেনাল্টি থেকে লক্ষ্যভেদ করেন তিনি। পরে হেড থেকেও একটি গোল করেন এই রিয়াল মাদ্রিদ ডিফেন্ডার। তবে ম্যাচের সব আলো কেড়ে নিয়েছেন ফাতি। ইউক্রেনের বিপক্ষে মাত্র ১৭ বছর ৩১১ দিন বয়সে গোল করে স্পেন জাতীয় দলের ইতিহাসে সবচেয়ে কম বয়সে গোল করার ৯৫ বছর আগে গড়া এক রেকর্ড ভেঙেছেন ফাতি।

ফাতি এর আগে চ্যাম্পিয়নস লিগের ইতিহাসে সবচেয়ে কম বয়সে গোল করার রেকর্ডও ভেঙেছিলেন। শুধু কি তাই, বার্সার জার্সিতে সবচেয়ে কম বয়সে লা লিগায় গোল পাওয়ার রেকর্ডও তার দখলে। সেই সঙ্গে ন্যাশনস লিগের ইতিহাসে সবচেয়ে কম বয়সী খেলোয়াড় হিসেবে একাদশে সুযোগ পাওয়ার কীর্তিও এখন তার। ম্যাচে ২০ গজ দূর থেকে পাওয়া গোলটি আবার স্পেনের জার্সিতে একাদশে সুযোগ পাওয়ার পর তার প্রথম গোল।

ম্যাচের প্রথম গোলটিতেও ফাতির ভূমিকা ছিল। ফাউলের শিকার শিকার হয়ে পেনাল্টির সুযোগ তিনিই পাইয়ে দিয়েছিলেন, যা থেকে গোল করেন রামোস। এদিকে দুই গোল করা রামোস রীতিমত ধারাবাহিকতার দারুণ উদাহরণ স্থাপন করেছেন। সর্বশেষ ১৫ ম্যাচে ১০ গোল করেছেন তিনি।

৩৪ বছর বয়সী রামোস ডিফেন্ডার হয়েও স্পেনের জার্সিতে সর্বোচ্চ
(২৩) গোলের মালিক হয়েছেন। স্পেনের জার্সিতে সর্বোচ্চ গোলের রেকর্ডেও তিনি কিংবদন্তি আলফ্রেদো দি স্তেফানোর রেকর্ডে ভাগ বসিয়েছেন। পেনাল্টি থেকে গোল করার রেকর্ডেও নিজেকে অনন্য করে তুলেছেন রামোস। এই নিয়ে টানা সপ্তম ও দেশের হয়ে সর্বশেষ ১০ ম্যাচের ৮টিতেই পেনাল্টি থেকে গোল করলেন তিনি।

গিনি-বিসাউইয়ে জন্মগ্রহণকারী ফাতি (মাত্র ৬ বছর বয়সে সেভিয়ায় পাড়ি জমান) এর আগে জার্মানির সঙ্গে ১-১ গোলে ড্র ম্যাচে স্পেনের জার্সিতে ৮৪ বছরের মধ্যে সবচেয়ে কম বয়সে অভিষেক হওয়ার রেকর্ড গড়েন। আর এক ম্যাচ পরেই তিনি ১৯২৫ সালে সুইজারল্যান্ডের বিপক্ষে ১৮ বছর ৩৪৪ মাস বয়সে হুয়ান এরাজকুইনের গড়া রেকর্ড ভেঙে দিলেন।

এদিকে ইউক্রেনের বিপক্ষে স্পেন দলের আরেক নতুন মুখ ফেরান রোরেস

দ্বিতীয়ার্ধে ইউক্রেনের কফিনে শেষ পেরেক ঠুকে দেন। ফলে গ্রুপ-৪ থেকে ২ ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে শীর্ষ উঠে গেল স্পেন। সমান ম্যাচে ৩ পয়েন্ট নিয়ে দুইয়ে ইউক্রেন। ২ পয়েন্ট নিয়ে তিনে জার্মানি।

মাত্র কয়েক ঘণ্টার ব্যবধানে করোনায় বড়সড় ৩টি ধাক্কা খেয়ে বেসামাল ভারত!

ভারতে আরও বিধ্বংসী রূপ নিয়েছে প্রাণঘাতী করোনাভাইরাস। মাত্র কয়েক ঘণ্টার মধ্যে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম জনসংখ্যার এই দেশটিকে বড়সড় তিনটি ধাক্কা দিল এই মহামারী।

ব্রাজিলকে পেরিয়ে রবিবার রাতেই করোনা সংক্রমণের বিশ্ব-তালিকার দ্বিতীয় স্থানে উঠে এসেছে ভারত।

রাত পোহাতেই ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় জানাল, গত ২৪ ঘণ্টায় দেশটিতে সংক্রমিতের সংখ্যা ৯০ হাজার পেরিয়েছে!

আর সোমবার সকালেই বেঙ্গালুরুর একটি হাসপাতাল জানাল, সুস্থ হওয়ার পরও ফের করোনার সংক্রমণ ধরা পড়তে শুরু করেছে। দ্বিতীয় বার সংক্রমিত হওয়ার ঘটনাও সামনে আসতে শুরু করেছে।

ভারতে দৈনিক এক লাখ সংক্রমণ যে হতে পারে, করোনা-পর্ব শুরুর পর সেই আশঙ্কা করেছিলেন বিশেষজ্ঞদের একাংশ। আজকের পরিসংখ্যানের সৌজন্যে ওই ভবিষ্যদ্বাণী আর অসম্ভব মনে হচ্ছে না। সরকারি হিসাবে মৃতের সংখ্যা হাজার পেরোচ্ছে প্রায় প্রতিদিনই।

‘ওয়ার্ল্ডওমিটার্স’-এর হিসাাবে ভারতে কোভিডে মোট মৃত্যু ৭১ হাজার পেরিয়ে গিয়েছে। আন্তর্জাতিক ওই সমীক্ষা অনুযায়ী, দেশটিতে সংক্রমিতের সংখ্যা ৪২ লাখ পেরিয়েছে।

যদিও স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিবৃতির শিরোনামে অবশ্য সুস্থতার রেকর্ডের কথাই রয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের বক্তব্য,

পরপর দু’দিন গোটা দেশে ৭০ হাজারের বেশি কোভিড রোগী (গত ২৪ ঘণ্টায় ৭৩ হাজারের বেশি) সেরে উঠেছেন।

সুস্থতার হার পৌঁছেছে ৭৭.৩২ শতাংশে। অ্যাক্টিভ রোগী যেখানে ৮.৬২ লাখ, সেখানে সুস্থের সংখ্যা ৩২ লাখের কাছাকাছি— প্রায় চার গুণ। মৃত্যুহার ১.৭২ শতাংশে নেমেছে। মোট সংক্রমিতের মাত্র ২০.৯৬ শতাংশ এখন অ্যাক্টিভ রোগী। সূত্র: আনন্দবাজার

মেহেরপুরে সড়কের জমি দখলের প্রতিযোগীতা!

মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের জায়গায় অবৈধভাবে গড়ে উঠেছে কয়েক হাজার স্থাপনা। দোকানপাট, রেস্তোরা, ওয়ার্কসপসহ গড়ে উঠেছে বিভিন্ন বিপনীবিতান। এ যেন সরকারি জমি দখলের এক প্রতিযোগীতা। কোন কোন স্থাপনা মূল সড়কের উপরেই চলে এসেছে। স্থানীয় ক্ষমতাসিনদের খুশি করে চলছে এইসব দোকান পাট। শুধু দোকানপাটই না পুরানো গাড়ি, ইট, বালু, পাথরে সড়কের অধিকাংশ জমিই দখলে। সড়ক বিভাগ থেকে বার বার নোটিশ দেওয়া হলেও কর্ণপাত করেনা কেউই। অজানা কারণে সড়কের জমি দখলমুক্ত করার তেমন উদ্যোগও নেই সড়ক বিভাগের।

সড়ক ও জনপথ বিভাগের (সওজের) কর্মকর্তাদের উদাসিনতার কারণেই বেদখল হয়ে যাচ্ছে সওজের সরকারি জমি। ইতোমধ্যে সেখানেও তৈরি হয়েছে অবৈধ দখলবাজদের একটি ভুইফোড় সংগঠন।

মেহেরপুর-কুষ্টিয়া, মেহেরপুর-চুয়াডাঙ্গা, মেহেরপুর মুজিবনগর, মেহেরপুর কাথুলী ভায়া গাংনী-হেমায়েতপুর পর্যন্ত রাস্তার দুপাশ দখল করে গড়ে তুলেছে দোকানপাট। এইসব সড়কের জমির মালিক সড়ক বিভাগ ও জেলা পরিষদ। তবে বেশ কিছু জমিতে জেলা পরিষদের উদ্যোগে তৈরি করা হয়েছে দোকানপাট। যে গুলো থেকে নিয়মিত ভাড়া তোলে জেলা পরিষদ কতৃপক্ষ। কিন্তু সড়ক বিভাগের জায়গায় রয়েছে প্রচুর অবৈধ স্থাপনা। যাদের কোথাও কোন ধরণের ট্যাক্স বা ভাড়া দেওয়া লাগে না।

গাংনীর দেবীপুরে মাস্ক বিতরণ

“প্রতিরোধই প্রতিকার” এই স্লোগান নিয়ে বামন্দী ইউনিয়নের দেবীপুর বাজারে সাধারণ মানুষের মধ্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার বিকেলে গাংনী উপজেলার দেবীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে বসা সাপ্তাহিক হাটে আসা সাধারণ মানুষের মধ্যে জনসচেতনতা সৃষ্টির লক্ষে সকল শ্রেণী পেশার মানুষের হাতে প্রায় ৫ শতাধিক মাস্ক তুলে দেওয়া হয়।

এসময় জিয়া সকলকে মাস্ক ব্যবহারের আহব্বান করেন। তার পাশাপাশি সমাজের বিত্তবানদের এগিয়ে আসার অনুরোধ করেন।

তিনি আরো বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে সচতেন হতে হবে। স্বাস্থ্য বিধি মানতে হবে এর কোন বিকল্প নেই। নিজে সুস্থ থাকুন পরিবারের সদস্যদের সুস্থ রাখুন। জিয়ার মাস্ক বিতরণ কার্যক্রমে অংশ নেয় দেবীপুর গ্রামের রিন্টু সহ অনেকে। এর আগে বালিয়াঘাট গ্রামের সাধারণ মানুষের মাঝে মাস্ক বিতরণ করা হয়েছে।

আওয়ামী লীগ সরকারের হজমশক্তি অনেক বেশি: গয়েশ্বর

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় বলেছেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের হজমশক্তি অনেক বেশি। যে কারণে পিলখানা হত্যাসহ হাজারো ঘটনাকে তারা হজম করতে পেরেছে। কিন্তু যৌবনে এই শক্তিকে স্বাভাবিক মনে হলেও পরবর্তী জীবনে এর খেসারত দিতে হয়। ইতিহাস কাউকে ক্ষমা করে না।

শনিবার (৫ সেপ্টেম্বর) এক ভার্চুয়াল আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বিএনপি কমিউনিকেশন সেল, বিএনআরসি পরিচালক ও প্রধান সমন্বয়ক সাবেক এমপি জহির উদ্দিন স্বপনের উদ্যোগে আয়োজিত ‘ইতিহাস বিকৃতির অপতৎপরতা রুখতে হবে’ শীর্ষক এ সভার আয়োজন করা হয়।

গয়েশ্বর বলেন, ১৫ আগস্ট রক্তাক্ত ইতিহাসে সুবিধাভোগী হয়েছিল আওয়ামী লীগই। তখনকার ইতিহাসে ওই রক্তাক্ত সিঁড়ি বেয়ে আওয়ামী লীগের মন্ত্রী-এমপিরাই পরবর্তীতে ক্ষমতায় এসেছিলেন। ওই সময়ে জিয়াউর রহমান সেনাবাহিনীর দ্বিতীয় সর্বোচ্চ কর্মকর্তা ছিলেন।

শেখ মুজিবুর রহমানকে হত্যার পর তিনি সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনার কথা বলেছিলেন। তিনি কাউকে সমর্থন জানাননি। তিন বাহিনী প্রধান খন্দকার মোশতাকের শপথ অনুষ্ঠানে গেলেও তিনি যাননি। এরপরও বর্তমান আওয়ামী লীগ সরকার রাজনীতিতে তাকে হেয় করার জন্যই ওই ঘটনায় তাকে সম্পৃক্ত করার চেষ্টা করছে। ইতিহাস বিকৃতি করছে।

সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি কেএম লাল মিয়া আর নেই

মেহেরপুরের বিশিষ্ট মুক্তিযোদ্ধা, মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক কে এম আতাউল হাকিম লাল মিয়া ইন্তেকাল করেছেন(ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

তিনি রবিবার সকালে তার নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল (৮৪)। তিনি স্ত্রী, ২ পুত্র, ৬ কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আজ বাদ আসর হোটেল বাজার জামে মসজিদে জানাজার নামাজ শেষে মেহেরপুর পৌর কবর স্থানে তাকে দাফন করা হবে। এর আগে পুলিশের একটি চৌকস দল তার প্রতি রাষ্ট্রীয় সম্মান জানাবেন।

কে এম আতাউল হাকিম লাল মিয়া মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ভারতে কুড়ুলগাছি ক্যাম্পে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করেন। কে এম আতাউল হাকিম লালমিয়া জীবদ্দশায়

মেহেরপুরের ক্রীড়াঙ্গন থেকে শুরু করে মুক্তিযোদ্ধা এবং তৃণমূল পর্যায়ে মানুষের সেবা করার জন্য বিভিন্নভাবে কাজ করেছেন।

তিনি মেহেরপুর জেলা আওয়ামীলীগের মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি, মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদের সহ-সভাপতি সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সঙ্গে জড়িত ছিলেন।

তার মৃত্যুতে বিভিন্ন ক্রীড়া সংগঠন, আওয়ামী লীগের নেতৃবৃন্দ গভীর শোক প্রকাশ করেছেন।

আজ বসছে সংসদের নবম অধিবেশন

সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে করোনা পরিস্থিতির মধ্যেও আজ রবিবার (৬ সেপ্টেম্বর) বসছে জাতীয় সংসদের নবম অধিবেশন।

সকাল ১১টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশন শুরু হবে। অধিবেশন পরিচালনার ক্ষেত্রে কঠোর সতর্কতা অবলম্বন করা হবে। কারণ নতুন করে আরো একজন সংসদ সদস্যের (এমপি) করোনা শনাক্ত হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, আজ অধিবেশনের শুরুতেই চলতি সংসদের সদস্য মো. ইসরাফিল আলমের মৃত্যুতে শোক প্রস্তাব উত্থাপন ও তা নিয়ে আলোচনা হবে। পরে অধিবেশন মুলতবি করা হবে। চলতি অধিবেশনে কয়েকটি গুরুত্বপূর্ণ বিল পাসের কথা রয়েছে। বর্তমানে ১৪টি বিল সংসদে পাসের অপেক্ষায় রয়েছে। তবে স্বল্প সময়ের এই অধিবেশনে বিলগুলো পাস করা কঠিন হবে। কারণ বিগত দুটি অধিবেশনের মতো এই অধিবেশন সংক্ষিপ্ত হবে। যা সর্বোচ্চ পাঁচ দিন চলতে পারে।

সংসদ সচিবালয় সূত্র জানায়, করোনা পরিস্থিতিতে যেকোনো ধরনের ঝুঁকি এড়াতে সংসদ সদস্য ও সংসদ ভবন এলাকায় দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিয়ন্ত্রণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অধিবেশনে দায়িত্ব পালনকারী সবাইকে নমুনা পরীক্ষার মাধ্যমে করোনা নেগেটিভ নিশ্চিত করা হয়েছে। সংসদে যোগদানকারী সংসদ

সদস্যদেরও নমুনা পরীক্ষা করা হয়েছে। এতে খুলনা-৬ আসনের সংসদ সদস্য আক্তারুজ্জামান বাবুর করোনা পজিটিভ এসেছে। তিনি বর্তমানে খুলনায় নিজ বাসায় চিকিৎসাধীন।

সূত্র- কালের কন্ঠ